

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণী  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।  
[www.nanl.gov.bd](http://www.nanl.gov.bd)

নথি নং- ৪৩.২৫.০০০০.০০৩.১৬.০৮৫.১৪(খড-০২)/৫৯৫

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ ১৪২৭  
০৬ জুন ২০২১

বিষয় : আগামী ০৯ জুন আন্তর্জাতিক আরকাইভস সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে **ওয়েবিনারে** অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, International Council on Archives (ICA) ০৯ জুনকে আন্তর্জাতিক আরকাইভস দিবস হিসেবে পালন করে থাকে। বাংলাদেশ ICA এর সদস্য দেশ হিসেবে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর প্রতিবছর ০৯ জুন আন্তর্জাতিক আরকাইভস দিবস পালন করে আসছে। ICA আগামী ৭-১১ জুন ২০২১ তারিখ পর্যন্ত ১৪তম আন্তর্জাতিক আরকাইভস সপ্তাহ ঘোষণা করেছে। আন্তর্জাতিক আরকাইভস সপ্তাহের এবারের নির্ধারিত প্রতিপাদ্য বিষয় **'Empowering Archives'**। বর্তমানে চলমান কোভিড-১৯ পরিস্থিতিতে ICA অনলাইনে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করছে। তারই ধারাবাহিকতায় আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক আন্তর্জাতিক আরকাইভস সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে আগামী ০৯ জুন ২০২১ সকাল ১১.০০ ঘটিকায় অনলাইন প্ল্যাটফর্মে (Zoom ID : 407 464 4191 Passcode : 1234) **'Empowering Archives'** বিষয়ে একটি **ওয়েবিনার** অনুষ্ঠিত হবে।

০২। উক্ত **ওয়েবিনারে** প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণের সদয় সম্মতি প্রদান করেছেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এমপি এবং বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ বদরুল আরেফীন। অনলাইন প্ল্যাটফর্মে অনুষ্ঠিতব্য উক্ত **ওয়েবিনারে** অধিদপ্তরের সকল কর্মকর্তাকে অংশগ্রহণের জন্য নির্দেশ দেওয়া হলো।

(ফরিদ আহমদ ভূঁইয়া)

মহাপরিচালক

ফোন : ৪৮১১৭৬৯৫, ফ্যাক্স : ৫৮১৫৩৬৭১

E-mail : [dg@nanl.gov.bd](mailto:dg@nanl.gov.bd)

বিতরণ :

১. পরিচালক (আরকাইভস), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক (গ্রন্থাগার), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৩. প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপপরিচালক (আরকাইভস), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৫. চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৬. সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (সংশ্লিষ্ট সকলের উপস্থিতি নিশ্চিত করবেন)।
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৮. সংশ্লিষ্ট নথি।